



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/1/2021

গভর্নর ক্যাথি হোকল

**আজকের কংগ্রেসনাল ডেলিগেশন সম্পর্কে গভর্নর হোকল, সিনেটের সংখ্যাগরিষ্ঠ
অংশের নেতা স্কুমার ও কংগ্রেসম্যান ন্যাডলার-এর যৌথ বিবৃতি প্রদান**

"আজ বিকেলে, কোভিড-19 মহামারীর বিরুদ্ধে লড়াই করা এবং নিউ ইয়র্কবাসীদের সুরক্ষিত রাখার জন্য নিউ ইয়র্কের চলমান প্রচেষ্টার - যেমন ওমিক্রন ভ্যারিয়েন্টের জন্য প্রস্তুতি গ্রহণ করা - পাশাপাশি ফেডারেল সংস্থানগুলোকে আমাদের স্টেটের জন্য কাজে লাগানো সম্পর্কে আলোচনা করতে আমরা নিউ ইয়র্ক কংগ্রেসনাল ডেলিগেশনের সদস্যদের সাথে সাক্ষাত করেছি।

নিউ ইয়র্কবাসীরা ইতোমধ্যে মহামারী সংক্রান্ত ত্রাণ কর্মসূচি থেকে উপকৃত হচ্ছেন, এবং শীঘ্রই ফেডারেল অবকাঠামো ডলার থেকেও উপকৃত হবেন - সম্প্রতি পাস হওয়া বাইপার্টিজান অবকাঠামো বিনিয়োগ ও কর্মসংস্থান আইনের সৌজন্যে - যা বৃহৎ প্রকল্পগুলোর জন্য গুরুত্বপূর্ণ সহায়তা প্রদান করবে এবং আমাদের অর্থনৈতিক পুনরুদ্ধারকে জোরদার করবে। এখনো মহামারীর অর্থনৈতিক প্রভাব কাটিয়ে উঠতে হিমশিম খাচ্ছেন এমন নিউ ইয়র্কবাসীদের সাহায্য করার জন্য, ভালো বেতনের কর্মসংস্থান তৈরি করতে, এবং আমাদের অর্থনীতিকে আরো উন্নত করে গড়ে তুলতে আমরা একসঙ্গে কাজ করা অব্যাহত রাখবো।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)